বিজিএ/শ্রম/২০২৫/১৭০

৪ সেপ্টেম্বর, ২০২৫

## সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় ঃ পোশাক শিল্প কারখানাতে আসন্ন পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে ছুটি ঘোষনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২৮ আগষ্ট, ২০২৫ তারিখে (প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.৩০৭) ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে ৬ সেপ্টেম্বর, ২০২৫ সাধারণ ছুটি ঘোষনা করেছে। উল্লেখিত ছুটি সকল সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারী অফিস-এর ক্ষেত্রে প্রযোজ্য।

উক্ত প্রজ্ঞাপনে যেহেতু বেসরকারী কোন শিল্প কারখানার ছুটির বিষয়ে উল্লেখ নেই, তাই প্রকাশিত প্রজ্ঞাপনটি বেসরকারী কোন শিল্প কারখানার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

পোশাক শিল্প কারখানাসমূহে বেসরকারী শিল্প কারখানা হিসেবে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক বার্ষিক উৎসব ছুটি নির্ধারিত হয়।

আপনার অবগতির জন্য শ্রম আইন ও শ্রম বিধিমালা'র সংশ্লিষ্ট বিধান নিম্নে উল্লেখ করা হলোঃ

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা - ১১৮। উৎসব ছুটি।- (১) প্রত্যেক শ্রমিককে প্রতি পঞ্জিকা বৎসরে এগার দিনের মজুরী সহ উৎসব ছুটি মঞ্জুর করতে হবে।

(২) বিধি দ্বারা নির্ধারিত ভাবে মালিক উক্ত ছুটির দিন ও তারিখ স্থির করবেন।

বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি - ১১০। উৎসব ছুটি।- (১) প্রত্যেক মালিক তার প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধির (যদি থাকে) সহিত আলোচনাক্রমে প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে পরবর্তী বৎসরের উৎসব ছুটি নির্ধারণ করবেন, যা ১১ (এগার) দিনের কম হবে না।

(২) মালিক উক্ত ছুটির তালিকা প্রতিষ্ঠানের সকল শ্রমিকের জ্ঞাতার্থে নোটিস বোর্ডে লটকাইয়া রাখবেন এবং উহার একটি কপি সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট প্রেরণ করবেন।

(৩) যৌথ দরকষাকষি প্রতিনিধি না থাকলে মালিক বিষয়টি অংশগ্রহণকারী কমিটিতে আলোচনাক্রমে উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী উৎসব ছুটি নির্ধারণ করবেন।

(৪) কোন প্রতিষ্ঠানে যৌথ দরকষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটি কোনটিই না থাকলে মালিক যতদূর সম্ভব শ্রমিকদের সহিত আলোচনাক্রমে উক্ত ছুটি নির্ধারণ করবেন।

অতএব, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর-এর মধ্যে আপনার কারখানার অংশগ্রহণকারী কমিটির শ্রমিক প্রতিনিধি বা যৌথ দরকষাকষি প্রতিনিধিদের (যদি থাকে) সাথে আলোচনাক্রমে নির্ধারণকৃত ছুটির তালিকা মোতাবেক শ্রমিকদের উৎসব ছুটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

৪/৯/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org